

ZwiLt 01/04/2021 (ct 13)

## ১০ ব্যক্তি ও প্রতিষ্ঠানকে আরটিভি কৃষি পদক প্রদান

### ■ সমকাল প্রতিবেদক

আট ব্যক্তি ও দুই প্রতিষ্ঠানকে 'আরটিভি কৃষি পদক-২০২১' প্রদান করা হয়েছে। গতকাল বুধবার রাজধানীর তেজগাঁওয়ে বেঙ্গল মাল্টিমিডিয়া স্টুডিওতে এক অনুষ্ঠানে পদক তুলে দেওয়া হয়।

অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তৃতায় কৃষিমন্ত্রী ড. আব্দুর রাজ্জাক বলেন, কৃষি দারিদ্র্য মোচনের সবচেয়ে বড় হাতিয়ার। শিক্ষিত তরুণরা কৃষি খাতে নানা উদ্ভাবন নিয়ে এগিয়ে এসেছে। এ খাত আধুনিক হলে গ্রামীণ মানুষের দারিদ্র্য আরও হ্রাস পাবে, তাদের জীবনমানের উন্নয়ন হবে।

অনুষ্ঠানে বিশেষ অতিথি ছিলেন মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রী শ ম রেজাউল করিম। এতে আরটিভির চেয়ারম্যান মোরশেদ আলম এমপি ও প্রধান নির্বাহী কর্মকর্তা সৈয়দ আশিক রহমানও বক্তব্য দেন।

প্রথমবারের মতো আরটিভি কৃষি পদক দেওয়া হলো। এতে সেরা কৃষক হিসেবে বান্দরবানের ফলচাষি তোয়ো ম্রো এবং সেরা কৃষাণি হিসেবে কক্সবাজারের কেঁচো কম্পাস্ট সার উৎপাদনকারী লাকী শর্মা পদক পেয়েছেন। এ ছাড়া ফরিদপুরের সাবিনা ইয়াসমিন সেরা খামারি (গরু, ছাগল, মহিষ), সিলেটের ইমরান হোসাইন সেরা খামারি (পোলট্রি) ও চাঁদপুরের সোহেল বেপারী সেরা খামারি (মৎস্য) ক্যাটাগরিতে পদক পেয়েছেন।

সেরা উদ্যান চাষি হয়েছেন সাতক্ষীরার শেখ আব্দুল জলিল। বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়ের অধ্যাপক এম এ রহিমকে দেওয়া হয়েছে আজীবন সম্মাননা। সেরা কৃষি উদ্ভাবন (প্রতিষ্ঠান) হিসেবে পদক পেয়েছে বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউট। সাতক্ষীরার সাইফুল্লাহ গাজী রঙিন মাছ চাষি হিসেবে সেরা কৃষি উদ্যোক্তা (ব্যক্তি) ও ক্রিশ্চিয়ান কমিশন ফর ডেভেলপমেন্ট ইন বাংলাদেশ (সিসিডিবি) সেরা কৃষি উদ্যোগ (প্রতিষ্ঠান) ক্যাটাগরিতে পুরস্কার পেয়েছে।